বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইলঃ dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ১৩১২ (১১৫০) তারিখঃ ২৩/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় গ্যারান্টির দাবি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের সিজিডি সার্কুলার লেটার নং-০১/২০২৩, তারিখঃ ১৯/০২/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৩, তারিখ: ২৭ জুলাই ২০২০; এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ২৩ জানুয়ারি ২০২২ এবং সিজিডি সার্কুলার নং-০২, তারিখ: ১০ আগস্ট ২০২২ এর মাধ্যমে যথাক্রমে CMSME খাতে ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ; ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং CMSME খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা জারি করা হয়েছে।

০৩। সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর ৪.১৩ অনুচ্ছেদে ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি বিষয়ক অনুসরণীয় নীতিমালা বর্ণিত রয়েছে। তন্মধ্যে ৪.১৩(খ) অনুচ্ছেদে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে কুটির ও মাইক্রো খাতে গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত মন্দমানে শ্রেণিকৃত ঋণের ক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে।

০৪। বিআরপিডি সার্কুলার লেটার নং-০১/২০২৩ এর মাধ্যমে কৃষি এবং CMSME ঋণসহ অন্যান্য খাতের ক্ষুদ্র অংকের ঋণের মামলা খরচ প্রায়শ ঋণস্থিতির তুলনায় অধিক হয় বিধায় অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণস্থিতির ক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে অবলোপন করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫। উপরোক্ত ৪নং অনুচ্ছেদের সুবিধা বর্ণিত স্কিমের আওতায় CMSME সহ সকল খাতের ঋণগ্রহীতার জন্য সমভাবে প্রযোজ্য হবে বিধায় এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) খাত এবং ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ড়ব আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতাদের মধ্যে যাদের ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মন্দমানে শ্রেণিকৃত ঋণস্থিতি রয়েছে তাদের ক্ষেত্রে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্রেডিট গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি করতে পারবে।

০৬। উল্লিখিত নির্দেশনা ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ ও ০১/২০২২ এবং সিজিডি সার্কুলার নং-০২/২০২২-এ বর্ণিত ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৭। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্টের ১৯ ফেব্রুয়ারী ২০২৩ তারিখের সিজিডি সাকুর্লার লেটার নং- ০১/২০২৩ অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করা হলো। আলোচ্য সার্কুলার লেটারের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় রেজিস্ট্রেশন প্রাপ্ত ঋণ হিসাবসমূহের বিপরীতে গ্যারান্টির দাবি নিষ্পত্তিকরণ লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি যথাসময়ে অত্র বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৩/০২/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

চলমান পাতা-০২

বিষয় ঃ <u>ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় গ্যারান্টির দাবি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।</u>

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৭২২(১২৫৩) তারিখঃ ঐ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***<u>উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</u>***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

26/02/2026
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ক্রেডিট গ্যারান্টি ডিপার্টমেন্ট

সিজিডি সার্কুলার লেটার নং-০১

তারিখ : ১৯ ফেব্রুয়ারি ২০২৩ / ৬ ফাল্গুন ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় গ্যারান্টির দাবি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৩, তারিখঃ ২৭ জুলাই ২০২০; এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখঃ ২৩ জানুয়ারি ২০২২ এবং সিজিডি সার্কুলার নং-০২, তারিখঃ ১০ আগস্ট ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারসমূহের মাধ্যমে যথাক্রমে CMSME খাতে ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার আর্থিক সহায়তা প্যাকেজ; ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম এবং CMSME খাতে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের আওতায় প্রদেয় ঋণের বিপরীতে ক্রেডিট গ্যারান্টি সুবিধা প্রদান সংক্রান্ত নীতিমালা জারি করা হয়।

৩। সিজিডি সার্কুলার নং-০২/২০২২ এর ৪.১৩ অনুচ্ছেদে ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি বিষয়ক অনুসরণীয় নীতিমালা বর্ণিত রয়েছে। তন্মধ্যে ৪.১৩(খ) অনুচ্ছেদে অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে কুটির ও মাইক্রো খাতে গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ২ (দুই) লক্ষ টাকা পর্যন্ত মন্দমানে শ্রেণিকৃত ঋণের ক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে।

৪। বিআরপিডি সার্কুলার লেটার নং-০১/২০২৩ এর মাধ্যমে কৃষি এবং CMSME ঋণসহ অন্যান্য খাতের ক্ষুদ্র অংকের ঋণের মামলা খরচ প্রায়শ ঋণস্থিতির তুলনায় অধিক হয় বিধায় অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণস্থিতির ক্ষেত্রে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে অবলোপন করা যাবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫। উপরোক্ত ৪নং অনুচ্ছেদের সুবিধা বর্ণিত স্কিমের আওতায় CMSME সহ সকল খাতের ঋণগ্রহীতার জন্য সমভাবে প্রযোজ্য হবে বিধায় এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, ক্রেডিট গ্যারান্টি স্কিমের আওতায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (CMSME) খাত এবং ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী ও ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত ৫০০ (পাঁচশত) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় গ্যারান্টি সুবিধাপ্রাপ্ত ঋণগ্রহীতাদের মধ্যে যাদের ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত মন্দমানে শ্রেণিকৃত ঋণস্থিতি রয়েছে তাদের ক্ষেত্রে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর আওতায় অত্যাবশ্যকীয়ভাবে মামলাযোগ্য না হলে আদালতে মামলা দায়ের ব্যতিরেকে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্রেডিট গ্যারান্টির বিপরীতে প্রাপ্য অর্থ দাবি করতে পারবে।

৬। উল্লিখিত নির্দেশনা ব্যতীত এসএমইএসপিডি সার্কুলার নং-০৩/২০২০ ও ০১/২০২২ এবং সিজিডি সার্কুলার নং-০২/২০২২-এ বর্ণিত ক্রেডিট গ্যারান্টির দাবি এবং নিষ্পত্তি সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার হাওলাদার)
পরিচালক (সিজিডি)
ফোনঃ ৯৫৩০১৭৯